



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd



তারিখঃ ২১ আগস্ট ২০২২
০৬ ভাদ্র ১৪২৯

প্রেস রিলিজ

আজ ২১ আগস্ট ২০২২ খ্রিঃ (রবিবার) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক “দেশের বাজারে অস্বাভাবিক হারে চালের মূল্য বৃদ্ধি ও সরবরাহে কারসাজি” বিষয়ক মতবিনিময় সভা কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। এছাড়া সভায় উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি.এম.সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব মোঃ ওয়াহিদুজ্জামান, খাদ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব মোঃ হাবিবুর রহমান হোছাইনী, কৃষি মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ মনিরুজ্জামান, বাংলাদেশ অটো রাইস মিল ওনার্স অ্যাসোসিয়েশন এর সভাপতি জনাব এ কে এম খোরশেদ আলম খান, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব মোঃ মাগফুর রহমান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের গবেষণা কর্মকর্তা জনাব মুহাম্মদ মিনহাজ উদ্দিন, ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের সহকারী পরিচালক জনাব মোঃ নাসির উদ্দিন তালুকদার, কৃষি বিপণন অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব মোঃ মজিবর রহমান, জাতীয় রাজস্ব বোর্ডের দ্বিতীয় সচিব জনাব শেখ মুরাদ হোসেন এবং কমিশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

মতবিনিময় সভায় চালের মূল্যের তারতম্য, সাপ্লাই চেইনের কোনো পর্যায়ে কারসাজির মাধ্যমে অস্বাভাবিক মূল্য বৃদ্ধি হচ্ছে কিনা এ বিষয়ে আলোচনা করা হয়। জেলা উপজেলা পর্যায়ে অবৈধ মজুদ নিয়ন্ত্রনে অভিযান অব্যাহত রয়েছে মর্মে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক জানানো হয়।

কোন মিল মালিকের কাছে কত পরিমান চাল মজুদ আছে সে বিষয়ে বাংলাদেশ অটো রাইস মিল ওনার্স অ্যাসোসিয়েশন এর কাছে কমিশন কর্তৃক জানতে চাওয়া হয়।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম চালের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির সঙ্গে জড়িত যে কোন ধরনের সিন্ডিকেটের বিরুদ্ধে সজাগ থাকার জন্য সকলকে অনুরোধ করেন ।

স্বাক্ষরিত



(মোঃ আরিফুর রহমান)

সহকারী প্রোগ্রামার এবং জনসংযোগ কর্মকর্তা

মোবাইল নম্বর: +৮৮০১৮৩৩১৮১৩৪১

ই-মেইল : ap@ccb.gov.bd